

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩৩৬(আগরতলা, ২০১৭)

সাব্রুম, ২০ জুলাই, ২০১৭

সাব্রুম নগর পঞ্চায়েত ভিত্তিক বনমহোৎসব ২৮ জুলাই

বন দপ্তরের উদ্যোগে আগামী ২৮ জুলাই সাব্রুম নগর পঞ্চায়েত অফিস প্রাঙ্গণে নগর পঞ্চায়েত ভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত হবে। উৎসব উপলক্ষ্যে সাব্রুম নগর পঞ্চায়েত এলাকায় ৭০০টি বৃক্ষচারা রোপণ করা হবে। এর আগে সকাল ১১টায় আয়োজিত হবে বর্ণাঢ্য শোভাযাত্রা। বনমহোৎসবকে সফল করার লক্ষ্যে আজ সাব্রুম নগর পঞ্চায়েতের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রুমা মজুমদার (বসাক) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নগর পঞ্চায়েতের সদস্যগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
